

## মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়

## পুষের উত্তি

কী ক'রে তোমার সাথে প্রেম হবে, নিজেই বলো না তুমি, বেচারি শ্যামলি !

তব্বী শামা শিখরিদশনা আদপেই নও ;

(বরং তোমাকে দেখে মনে পড়ে শ্যামা মা-র নয় সঙ্করণ)

বেড়াল যেখানে হাঁটে সেখানে হাঁটোনি তুমি নিতম্বে নৃত্যের তাল তুলে,

নিম্ননাভি খুব ক'রে দেখিয়ে - টেখিয়ে ;

কে তো গায়ের রঙ ও - রকম, আর স্কন ? --- তার কথা না - তোলাই ভালো।

কাবাব উৎসবে গিয়ে এত-যে হুন্নাড় করো, ক্ষীণমধ্যা রবে কি তাহ'লে ?

প্রথম দেখায় কেউ ঘাড়মুখ ঘুঁজড়ে যদি না-ই পটে, তবে

এ-কথাটা ভেবে দেখো, কী ক'রে টানবে তুমি পুষের চোখ!

যা চাই, শরীর, শুধু ; মন নিয়ে গুমড়ে মরে মনস্তত্ত্ববিদ।

শারীরিক প্রতিভার বিজ্ঞাপনবাণী যদি হ'তে চাও, তবে।

কিঞ্চিৎ ঝামেলা কিন্তু পোহাতেই হবে :

সার্জারির শল্যবিদ দেবে নাভিকুন্ডকে বদলিয়ে,

সাতদিনে পেয়ে যাবে গৌর তনু যদি মাকো ইকো ফ্লেডুলি ব্লিচিং পাউডার,

কেশকলাপে ভোল পালটে দেবে কলপ, অথবা কোনো হেয়ারকালার,

পাড়ার ছেলেটি তবে 'মাসীমা, শুনুন,' আর বলবে না মোটে,

বরং 'নবীনা দিদি' ব'লে তার চোখ দিব্যি বেলাহাজ তাকিয়েই রবে।

যেভাবে টাটায় চোখ পড়োশিরা আমার বিলিতি গাড়ি দেখে

সেভাবে তোমায় দেখে ঈর্ষায় না - জুলে যদি অপ্সরা বা কিন্নরীর দল,

তবে বলো,

কী লাভ তোমার সাথে প্রেম ক'রে ডিক্লেঠেকে, রাইচকে,

কিংবা কোনো মিডনাইট ক্লাবে ?

## নারীরউত্তি

তুমি যা-যা চাও তুমি বলেছো তো, চটপট, সপ্রতিভ ভাবে।

কে না জানে তোমার পছন্দ হবে বার্বি ডল, যে - রকম পৌত্তলিক তুমি ?

অর্বাচীন যুবা, তবে তুমি শোনো আমার কেমনতর পুষবাঙ্কিত।

দুবলা পাংলা নয়, পেশল শরীর হবে, বলিষ্ঠ, সবল,

যা - এখন নিয়মিত ব্যায়ামে কি কখনও সম্ভব হবে,

ওগো দেন জোভান্নির জ্ঞাতি ?

বরং যা -হোক নাও, স্টেরয়েড ভিতা নূতা, কলেবর থেকে

যেন রওশান ছাড়ায় হরদম,

ব্যাবসায় ফায়দা হবে এই জেনে সৌরাষ্ট্র আমেদাবাদে ইন্ডাস্ট্রি জমাও।

জুলফিই যেন শুধু শাদা থাকে, মাথার পরচুলে কালো কলপ লাগাও।  
 বজ্রপচা কালিদাস না আউড়ে কি স্মার্ট কোনো ফরাসি কবিতা  
 টেবিলে সময় বুঝে লাগসই আওড়াতে পারবে কি ?  
 ট্যাপ্পো নাচো ? কিংবা ওই সাম্বা - স্বা ? নাকি শুধু ভাল্‌জের সুরে  
 এদিক-ওদিক করো, আর বলো ডিক্লেঠেকে এই হ'লো নাচ !  
 নিয়মিত পড়ো - টড়ো রেডিমেড জোক্‌সের বই ?  
 না-হ'লে কথার পিঠে জুতসই কথা কোথা পাবে ?  
 কথা বোলো শুধু দুই উদ্ধৃতি চিহ্নের মাঝে, কোটেশন পিস,  
 নিজের যা মনে হয় বলো যদি তবে কিন্তু হাতে - নাতে ধরা প'ড়ে যাবে!  
 কত কাঁড়ি টাকা দিয়ে বঙ্গুলুরে ভর্তি হয়েছিল  
 আধুনিক ব্যবসার হালচাল চট ক'রে রপ্ত করবে ব'লে ?  
 তাবৎ তারাই শোভা পায় যারা কেউ নিজের মনের কথা কখনও বলে না।  
 তাছাড়া নিজেই তুমি বলেছো তো মন ধুয়ে জল খেলে  
 শরীরের কী-বা লাভ হয় ?  
 ভায়াগ্রা গোখ্রাসে গোলো, কিন্তু তাতে লাভ হবে কিছু  
 যদি-না কসরৎ করো -- বার এ নয় -- প্যারালাল বারে।  
 নাকি তুমি দোম হুয়ানের কোনো মাসতুতো বেরাদর,  
 সময়কে কলা দেখিয়েছো,  
 এখনও দিব্যি আছে। আহামরি বাহার শরীরে।  
 কোন-কোন ক্লাবে যাও ? কোন-কোন সরকারি দফতরে  
 আমলা ইয়ার বক্সি জুটিয়েছো ? ব্যাঙ্কলোন শোধ করো নাকি ?  
 ভোটের সময় তুমি কার তল্লিতল্লা ধ'রে ওঠ-বোস করো ?  
 ব্যবসায় ফায়দা হবে এই জেনে গুজরাটে কি কম্পানি খুলেছো ?  
 এতো শুধু বাইরেরই ভোলটুকু, অথচ খোলশ যদি না-ই হয় বাহা খোলতাই,  
 কী লাভ তোমার জন্য নিজের আগা ও পাশ (এবং তলাও) বদলে ফেলে ?

দ্বৈতালাপ